# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

**আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।**

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত** ৩৯ **তম** (২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য়) **সভার কার্যবিবরণী।**

১৪ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল)(অতি: দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা নিম্নরূপ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২. | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩. | জনাব এস.এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪. | প্রকৌ. সুদীপ মজুমদার পিইঞ্জ | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫. | জনাব মোঃ মেফতাউল ইসলাম | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬. | জনাব কাজী আশরাফুল ইসলাম | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭. | জনাব মোঃ আমিরুল ইসলাম | সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮. | জনাব মাকসুদা আক্তার মিশু | উপ-প্রধান প্রকৌশলী(যান্ত্রিক), প্রকল্প বাস্তবায়ন বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভা শুরু করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য-সচিবকে অনুরোধ করেন। আইসিটি বিভাগের কর্মকর্তা জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার ১১ অক্টোবর, ২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির ৩৮তম (২০২৩-২০২৪ অর্থ বছরের ২য়) সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য অনুরোধ করেন। কোন সংশোধনী না থাকায় সভাপতি মহোদয় কার্যবিবরণী অনুমোদন করেন।

৩.০ আইসিটি বিভাগের কর্মকর্তা জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার জানান যে, ইনোভেশন শোকেসিং করার জন্য মন্ত্রণালয় থেকে তাগিদ দেয়া হচ্ছে। শোকেসিং মন্ত্রণালয় কিভাবে করেন সভাপতি মহোদয় জানতে চান। আইসিটি বিভাগের কর্মকর্তা জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার জানান যে, ইতঃপূর্বে ইনোভেশন পুরস্কার দেয়া হয়েছে এর মধ্যে যেগুলো চালু আছে সেগুলোকে শোকেসিং করতে হবে। তিনি আরও জানান যে, ইতঃপূর্বে বাস্তবায়িত ২৩টি ধারণা থেকে ৭টি ধারণা চালু আছে। উক্ত ৭টি ধারণাকে শোকেসিং করতে হবে। ইনোভেশন শোকেসিং টিএসপিতে করার জন্য গত সভার সিদ্ধান্ত ছিল। টিএসপিকে শোকেসিং করার জন্য পত্র দেয়া হয়েছিল। টিএসপি শোকেসিং করতে সম্মতি জানিয়েছে। তবে শোকেসিং করার জন্য কিছু আর্থিক বিষয় আছে সে খরচগুলো কে বহন করবে। সভাপতি মহোদয় বলেন খরচগুলো কি আমাদের প্রধান কার্যালয় থেকে দেয়ার সুযোগ আছে কিনা। আইসিটি বিভাগের কর্মকর্তা জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার জানান যে, যেহেতু কারখানাগুলোকে বিভিন্ন সময় ইনোভেশন পুরস্কার দেয়া হয়েছে কারখানাগুলোই ব্যবস্থা নিতে পারে। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জানান যে, যমুনা সার কারখানা এবং টিএসপি সার কারখানা আর্থিক দিক দিয়ে ভাল। তাদেরকে প্রথম শোকেসিং এর জন্য বলা যেতে পারে। সভাপতি মহোদয় বলেন যাতায়াতের সুবিধার জন্য টিএসপিতে করলে ভাল হয়। তিনি আরও জানান যে, শোকেসিং বিসিআইসি প্রধান কার্যালয় এবং কারখানাগুলোতে পর্যায়ক্রমে করতে হবে। পরিচালক(উৎপাদন ও গবেষণা) বলেন শোকেসিং ম্যানডেটরী। তিনি বলেন যে, টিএসপিতে করে অন্য কারখানাকে আমন্ত্রণ জানাতে হবে। আইসিটি বিভাগের কর্মকর্তা জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার জানান যে, মন্ত্রণালয় থেকে জানুয়ারি, ২০২৪ এর মধ্যে শোকেসিং করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। সভাপতি অর্থায়ন কিভাবে হতে পারে জানতে চাইলে জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জানান যে, টাকা সংশ্লিষ্ট কারখানা দিবে। পরিচালক (উৎপাদন ও গবেষণা) বলেন যে, সংশ্লিষ্ট কারখানা টাকা দিতে পারবে। তিনি বলেন সংশ্লিষ্ট কারখানার বাজেট না থাকলে প্রধান কার্যালয় থেকে দেয়া যাবে। জানুয়ারি, ২০২৪ এর মধ্যে শোকেসিং করতে হবে। সভাপতি মহোদয় বলেন শোকেসিং আয়োজনের জন্য কমিটি গঠন করা যেতে পারে। সভায় সকলে নিম্নরূপভাবে কমিটি গঠনের প্রস্তাব দেন:

১। জনাব মো: শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সভাপতি
২। প্রকৌ. সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৩। প্রকৌ. সেন সুখেন চন্দ্র, ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি -সদস্য
৪। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৫। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্যসচিব

৩.০ সভায় এ পর্যায়ে বিগত সভার বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্যাদি সভাকে নিম্নোক্তভাবে অবহিত করা হয়:

| ক্রমিক নং | গত সভার সিদ্ধান্ত | আলোচনা |
|---|---|---|
| ৪.১ | সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। |
| ৪.২ | সকল কারখানা/প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ওয়েবসাইট হালনাগাদ হচ্ছে মর্মে সভাকে জানানো হয়। |
| ৪.৩ | কারখানাসমূহের ডি-নথির অর্জন বিষয়ক তথ্য পরবর্তী সমন্বয় সভা হতে নিয়মিতভাবে সভায় উপস্থাপনের নিমিত্ত কারখানাসমূহকে তথ্য দেয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | আইসিটি বিভাগের কর্মকর্তা জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার জানান যে, কারখানাসমূহের ডি-নথির অর্জন বিষয়ক তথ্য পরবর্তী সমন্বয় সভা হতে নিয়মিতভাবে সভায় উপস্থাপনের নিমিত্ত কারখানাসমূহকে তথ্য দেয়ার জন্য পত্র দেয়া হয়েছে। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জানান যে, কারখানাগুলোর ডি-নথি accelarate এর জন্য আইসিটি বিভাগের কর্মকর্তাগণ গ্রুপ করে বিভিন্ন কারখানায় হাতে কলমে শেখানোর জন্য গেলে কারখানাগুলো বেশি গরুত্ব দিবে। তিনি আরো জানান যে, আইসিটি বিভাগের কর্মকর্তাগণের সাথে ইনোভেশন কমিটির একজন সদস্য যেতে পারেন। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। সভাপতি মহোদয় জানান যে, সিডিউল করে সংস্থার আইসিটি বিভাগের ০২(দুই) জন কর্মকর্তা এবং ইনোভেশন কমিটির ০১(এক) জন সদস্য সমন্বয়ে কমিটি করে কয়েকটি গ্রুপে বিভিন্ন কারখানায় গিয়ে ২(দুই) দিন করে ডি-নথি, ওয়েব পোর্টাল হালনাগাদ এবং কারখানাগুলো তাঁদের নিজস্ব ইনোভেশন পুরস্কারের শোকেসিং করছে কিনা দেখার জন্য কারখানার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে ত্বরান্বিত করার জন্য আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে বিভিন্ন কারখানা সরেজমিন পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। ইনচার্জ, আইসিটি বিষয়টি আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিশ্চিত করবেন। আইসিটি এর সকল কর্মকর্তাকে ডি-নথিতে স্পেশালাইজড হতে হবে। |
| ৪.৪ | ৭টি ধারণার ডাটাবেজ হালানাগাদ করে ওয়েবসাইটে ১৫/১১/২০২৩ইং এর মধ্যে আপলোডের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ৭টি ধারণার ডাটাবেজ হালানাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। |
| ৪.৫ | টিএসপিসিএলএর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন এবং টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু থাকা বিষয়ে সার্বিক দিক (সময় উপযোগিতা, অত্যাধুনিকতা, Cost Effectiveness, Value add, Time saving) সরেজমিনে কমিটি কর্তৃক পর্যবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি। | জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জানান যে, টিএসপিসিএলএর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন এবং টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু থাকা বিষয়ে সার্বিক দিক (সময় উপযোগিতা, অত্যাধুনিকতা, Cost Effectiveness, Value add, Time saving) সরেজমিনে কমিটি কর্তৃক পরিদর্শন করা হয়েছে। তিনি জানান স্ক্রাবিং সিস্টেম আগে চালু ছিল কিন্তু কিছু মডিফিকেশনের কাজ থাকায় ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে অপারেশনে নিয়ে আসা যাবে বলে জানান হয়। তিনি আরো জানান যে, সালফিউরিক এসিডপ্ল্যান্ট অ্যালাইভ আছে। |

| ক্রমিক নং | গত সভার সিদ্ধান্ত | আলোচনা |
|---|---|---|
| ৪.৬ | ৭টি ধারণার শোকেসিং বিসিআইসি এবং টিএসপিসিএল কারখানাতে করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ৭টি ধারণার শোকেসিং জানুয়ারি, ২০২৪ এর মধ্যে টিএসপিসিএল কারখানাতে করতে হবে। |
| ৪.৭ | ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান স্থানে থাকার কথা। এ বিষয়টি প্রধান প্রকৌশলী, বিসিআইসি, মহাব্যবস্থাপক (আরপিডি) নিশ্চিত করবেন।<br>বাস্তবায়নে: ১. প্রধান প্রকৌশলী(এমটিএস), বিসিআইসি<br>২. মহাব্যবস্থাপক (আরপিডি), বিসিআইসি। | ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান স্থানে থাকার কথা বিষয়টি প্রধান প্রকৌশলী, বিসিআইসি, মহাব্যবস্থাপক (আরপিডি) কর্তৃক সকল কারখানাকে বলা হয়েছে। সিইউএফএল এবং যমুনা সার কারখানাতে চালু আছে। অন্যান্য কারখানায় চালু রাখার জন্য বলা হয়েছে। |
| ৪.৮ | সকল কারখানাগুলোতে ইনোভেশন শোকেসিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেকটির ৮-১০টি কপি করে কারখানার বিভিন্ন জায়গায় এবং বিশেষকরে কারখানাগুলোর কন্টোল রুমে, মেইন গেটে, হাইজিং গেটে, প্রশাসনিক ভবন, officers/employees club এ রাখতে হবে। Innovation কমিটির সকল সদস্যই কারখানা visit এর সময় এ বিষয়টি লক্ষ্য রাখবেন।<br>বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি। | সকল কারখানাগুলোর নিজস্ব ইনোভেশন পুরস্কারের শোকেসিং করতে হবে। প্রত্যেকটির ৮-১০টি কপি করে কারখানার বিভিন্ন জায়গায় এবং বিশেষকরে কারখানাগুলোর কন্টোল রুমে, মেইন গেটে, হাইজিং গেটে, প্রশাসনিক ভবন, officers/employees club এ রাখার ব্যবস্থা করতে হবে।আইসিটি বিভাগের কর্মকর্তাগণ এবং ইনোভেশন কমিটির সদস্য সমন্বয়ে গ্রুপ করে কারখানা visit এর সময় বিষয়টি লক্ষ্য রাখবেন। |
| ৪.৯ | ২০২৩-২৪ অর্থ বছরের ১১টি উদ্ভাবনী ধারণা পরিদর্শন এবং গ্রেডিং করার জন্য কমিটি গঠন করা যেতে পারে। পরিচালক (উৎপাদন ও গবেষণা) বলেন নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে:<br>১। প্রধান প্রকৌশলী বা তার প্রতিনিধি<br>২। মহাব্যবস্থাপক (পিআইডি) বা তার প্রতিনিধি<br>৩। মহাব্যবস্থাপক(পরিকল্পনা) বা তার প্রতিনিধি<br>৪। মহাব্যবস্থাপক(আরপিডি) বা তার প্রতিনিধি<br>কমিটি ১৫/১১/২০২৩ইং তারিখের মধ্যে প্রতিবেদন জমা দিবেন।<br>বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ২০২৩-২৪ অর্থ বছরের ১১টি উদ্ভাবনী ধারণা থেকে বাছাইকৃত ৫টি উদ্ভাবনী ধারণার বিষয়ে আগামী ইনোভেশন কমিটির সভায় প্রেজেন্টেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৪.১০ | গত ০৩/০৯/২০২৩ খ্রি. কর্মশালায় ১৪ টি গ্রুপ থেকে প্রস্তাবনা ও মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের ভিত্তিতে একটি কর্মপরিকল্পনা তৈরীর জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে:<br>১। প্রধান প্রকৌশলী বা তার প্রতিনিধি<br>২। মহাব্যবস্থাপক (পিআইডি) বা তার প্রতিনিধি<br>৩। মহাব্যবস্থাপক(পরিকল্পনা) বা তার প্রতিনিধি<br>৪। মহাব্যবস্থাপক(আরপিডি) বা তার প্রতিনিধি<br>৪। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি।<br>কমিটি ১৫/১১/২০২৩ইং তারিখের মধ্যে প্রতিবেদন জমা দিবেন। | ১৪ টি গ্রুপ থেকে প্রস্তাবনা ও মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের ভিত্তিতে একটি কর্মপরিকল্পনা তৈরীর জন্য গঠিত কমিটি মন্ত্রণালয়ের সাথে সামঞ্জস্য রেখে প্রতিবেদন দাখিল করেছে। |

৪. **সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৪.১ সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.২ ৭টি ধারণার শোকেসিং টিএসপিসিএল কারখানাতে জানুয়ারি, ২০২৪ এর মধ্যে করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। শোকেসিং আয়োজনের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা যেতে পারে:

১। জনাব মো: শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সভাপতি
২। প্রকৌ. সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৩। প্রকৌ. সেন সুখেন চন্দ্র, ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি -সদস্য
৪। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৫। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্যসচিব

বাস্তবায়নে: গঠিত কমিটি, বিসিআইসি।

৪.৩ সকল কারখানাগুলোতে নিজস্ব ইনোভেশন শোকেসিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: সকল কারখানা, বিসিআইসি।

৪.৪ বিভিন্ন কারখানার ডি-নথির অর্জন, ওয়েব পোর্টাল হালনাগাদ এবং কারখানাগুলো তাঁদের নিজস্ব ইনোভেশন পুরস্কারের শোকেসিং করছে কিনা ইত্যাদি দেখার জন্য বিভিন্ন কারখানায় ২(দুই) দিন করে সরেজমিন পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে ত্বরান্বিত করার জন্য সংস্থার আইসিটি বিভাগের ০২(দুই) জন কর্মকর্তা এবং ইনোভেশন কমিটির ০১(এক) জন সদস্য সমন্বয়ে নিম্নোক্তভাবে ৬টি গ্রুপ কমিটি গঠন করা যেতে পারে:

| গ্রুপ নং | কর্মকর্তার নাম ও পদবী | কারখানার নাম |
|---|---|---|
| ক। | ১। প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-আহ্বায়ক<br>২। জনাব মোঃ আবুল হোসেন, সহকারী প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্য<br>৩। জনাব মোঃ রেজাউল হোসেন, সহকারী অপারেশন অফিসার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্য | সিইউএফএল |
| খ। | ১। জনাব মোঃ মেফতাউল ইসলাম, মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক<br>২। জনাব মো: তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্য<br>৩। জনাব সেনওয়ার্ন ভদ্র, সহকারী প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্য | টিএসপি, ড্যাপ |
| গ। | ১। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক<br>২। জনাব এ এম রেফাত উল্যাহ, অপারেশন অফিসার, আইসিটি বিভাগ, বিসিআইসি- সদস্য | এসএফসিএল |
| ঘ। | ১। প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক<br>২। জনাব মোঃ আবুল হোসেন, সহকারী প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি- সদস্য<br>৩। জনাব মো: তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি- সদস্য | জেএফসিএল,<br>বিআইএসএফ |
| ঙ। | ১। জনাব মোঃ মেফতাউল ইসলাম, মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক<br>২। জনাব সেনওয়ার্ন ভদ্র, সহকারী প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্য<br>৩। জনাব মোঃ রেজাউল হোসেন, সহকারী অপারেশন অফিসার, আইসিটি বিভাগ, বিসিআইসি- সদস্য | এএফসিসিএল,<br>টিআইসিআই |
| চ। | ১। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-আহ্বায়ক<br>২। জনাব এ এম রেফাত উল্যাহ, অপারেশন অফিসার, আইসিটি বিভাগ, বিসিআইসি- সদস্য | কেপিএম |

গঠিত কমিটির সদস্যগণ বিভিন্ন কারখানার ডি-নথির অর্জন, ওয়েব পোর্টাল হালনাগাদ এবং কারখানাগুলো তাঁদের নিজস্ব ইনোভেশন পুরস্কারের শোকেসিং করছে কিনা কারখানার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ২(দুই) দিন আলোচনা করে ত্বরান্বিত করার জন্য আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে বিভিন্ন কারখানা সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ইনচার্জ, আইসিটি বিষয়টি আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিশ্চিত করবেন। আইসিটি বিভাগের সকল কর্মকর্তাকে ডি-নথিতে পর্যাপ্ত পারদর্শিতা অর্জন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৫ কারখানাসমূহের ডি-নথির অর্জন বিষয়ক তথ্য পরবর্তী সমন্বয় সভা হতে নিয়মিতভাবে সভায় উপস্থাপনের নিমিত্ত কারখানাসমূহকে তথ্য দেয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৬ সকল কারখানা/প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৭ ২০২৩-২৪ অর্থ বছরের ১১টি উদ্ভাবনী ধারণা থেকে সিলেক্টেড ৫টি উদ্ভাবনী ধারণার বিষয়ে আগামী ইনোভেশন কমিটির সভায় প্রেজেন্টেশন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৮। ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান স্থানে রাখার ব্যবস্থা করতে হবে। এ বিষয়টি প্রধান প্রকৌশলী, বিসিআইসি, মহাব্যবস্থাপক (আরপিডি) নিশ্চিত করবেন। একই সাথে Innovation কমিটির সকল সদস্যই যে কোন ভিজিটে এ বিষয়টি পর্যবেক্ষণ করবেন এবং পরবর্তী সভায় উত্থাপন করবেন।

বাস্তবায়নে: ১. প্রধান প্রকৌশলী(এমটিএস), বিসিআইসি।
২. মহাব্যবস্থাপক (আরপিডি), বিসিআইসি।
৩. মহাব্যবস্থাপক (উৎপাদন), বিসিআইসি।

৫। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)(অতিঃ দায়িত্ব)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।